# বাংলাদেশ ব্যাংক
## প্রধান কার্যালয়

ডাকবাক্স-৩২৫
ঢাকা।

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ

দুরালাপনীঃ ৯৫৩০০১০-৭৫
web: www.bb.org.bd
Fax: 88-02-9512991

এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০১৫

**তারিখঃ** ২৬ জৈষ্ঠ ১৪২২ বঙ্গাব্দ।
০৯ জুন ২০১৫ খ্রীষ্টাব্দ।

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা**
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

**প্রিয় মহোদয়,**

**তৃতীয় লিঙ্গের উদ্যোক্তা, সমাজের সুবিধা বঞ্চিত উদ্যোক্তা, প্রতিবন্ধী ও রাখাইনসহ সকল উপজাতি উদ্যোক্তাদেরকে এসএমই খাতের আওতায় ঋণ প্রদান প্রসঙ্গে।**

সমাজের অনগ্রসর ও সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীকে এসএমই কার্যক্রমে সম্পৃক্ত করার মাধ্যমে Financial Inclusion এর সুফল প্রান্তিক পর্যায়ের উদ্যোক্তাদের মাঝে পৌঁছে দেয়ার লক্ষ্যে তৃতীয় লিঙ্গ হিসেবে রাষ্ট্রীয় স্বীকৃতি প্রাপ্ত সম্প্রদায়, প্রতিবন্ধী, দেশের সুবিধা বঞ্চিত নারী উদ্যোক্তা এবং রাখাইনসহ সকল উপজাতি উদ্যোক্তাদের এসএমই খাতের আওতায় ঋণ বিতরণের কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য যে, উক্ত ঋণ বাংলাদেশ ব্যাংকের এসএমই ঋণ নীতিমালা ও কর্মসূচীর আওতায় সরাসরি অথবা এনজিও লিংকেজের মাধ্যমে গ্রাহক পর্যায়ে বিতরণ করা যাবে।

বিতরণকৃত ঋণ অত্র বিভাগ কর্তৃক জারীকৃত সার্কুলারে বর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে প্রযোজ্য ক্ষেত্রে অত্র বিভাগ কর্তৃক পরিচালিত বাংলাদেশ ব্যাংক ফান্ড/নতুন উদ্যোক্তা তহবিল/ইসলামী পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন যোগ্য মর্মেও বিবেচিত হবে।

আপনাদের বিশ্বস্ত,

(স্বপন কুমার রায়)
মহাব্যবস্থাপক
ফোন- ৯৫৩০৫০২
E-mail: swapon.roy@bb.org.bd